আওয়ামী লীগে পদ পেলেন অভিনেত্রী জ্যোতি

আওয়ামী লীগ বন ও পরিবেশবিষয়ক উপকমিটিতে পদ পেলেন অভিনেত্রী ও সাবেক ছাত্রনেত্রী জ্যোতিকা জ্যোতি। গেল বছরের শেষ দিনে ৯৪ সদস্যবিশিষ্ট কমিটির অনুমোদন দিয়েছেন দলটির সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের, যেখানে সদস্য নির্বাচিত হয়েছেন জ্যোতি।

শোবিজের পরিচিত মুখ জ্যোতিকা জ্যোতি। অভিনয়ের পাশাপাশি রাজনীতেও সক্রিয় তিনি। ২০১৮ সালে ময়মনসিংহ-৩ (গৌরীপুর) আসন থেকে উপনির্বাচন এবং সংসদ নির্বাচনে মনোনয়নপত্র সংগ্রহ করেছিলেন জ্যোতি। কিন্তু টিকিট না পেলেও দলীয় প্রার্থীর পক্ষে বেশ সরব ছিলেন রাজনীতির মাঠে।

উল্লেখ্য, ৯৪ সদস্যবিশিষ্ট এই উপকমিটির চেয়ারম্যান পদে আছেন অধ্যাপক ড. খন্দকার বজলুল হক। সদস্যসচিব হিসেবে দায়িত্ব পালন করবেন দেলোয়ার হোসেন।

পারিশ্রমিক কমিয়েছেন সালমা

ফোক গান গেয়েই শ্রোতাদের হৃদয় জয় করেছেন মৌসুমী আক্তার সালমা। তবে মৌলিক গানেও তিনি সাবলীল। করোনাকালেও গান প্রকাশ করা থেকে বিরত ছিলেন না তিনি। মাঝে অল্প সময়ের জন্য বিরতি দিয়ে আবারও মৌলিক গানে কণ্ঠ দেওয়ার কাজে ব্যস্ত এ সংগীতশিল্পী।

গত তিন মাসে ৪০টি নতুন গানে কণ্ঠ দিয়েছেন। এ গানগুলোতে কণ্ঠ দিয়েছেন আগের থেকে অর্ধেক পারিশ্রমিকে। করোনার জন্য পারিশ্রমিক কমিয়েছেন তিনি। এ প্রসঙ্গে সালমা বলেন, ‘করোনার এ সময়ে মানুষ তো অনেক কিছুই করছে।

তাই আমিও চিন্তা করেছি যে, কিছু করা দরকার। সেই জায়গা থেকে অডিও গানের পারিশ্রমিক কমিয়ে দিয়েছি। এতে করে মনের দিক থেকে কিছুটা

শান্তিও পাচ্ছি। কারণ একটি গানে অনেকের কাজ থাকে।

বেশি গান তৈরি হলে এর সঙ্গে সংযুক্তরা সবাই এর সুফল পাবে। সেই ভাবনা থেকেই পারিশ্রমিক কমিয়ে গান করছি। এ ধারাটা আরও কিছুদিন চালিয়ে যাব।’ এদিকে গত ১ ডিসেম্বর তার প্রতিষ্ঠিত সালমা মিউজিক থেকে ‘দাগা দিয়া’ শিরোনামের একটি নতুন গান প্রকাশ হয়েছে। মুহিন খানের কথা ও সুরে তৈরি করা সেই গানটি প্রকাশের পর থেকেই দারুণ সাড়া পাচ্ছেন শ্রোতাদের কাছ থেকে।

শিগগিরই তারেক আনন্দের কথা এবং সজীব দাসের সুরে ‘পিরিতের ঘর’ নামের নতুন একটি গান প্রকাশ হবে শিল্পীর নিজস্ব ইউটিউব চ্যানেল থেকে। অন্যদিকে দীর্ঘদিন পর প্লে-ব্যাক করেছেন সালমা। ছবির নাম ‘তুমি আছ তুমি নেই’। পরিচালনা করছেন দেলোয়ার জাহান ঝন্টু।

মনে রাখার মতো কাজ করতে চাই

* করোনার এ সময়ে কাজ কেমন করছেন?

** করোনার প্রকোপ শুরু হওয়ার পর অনেকের মতো আমিও কর্মহীন ছিলাম। তবে যখন থেকে লকডাউন তুলে দেওয়া হয়, ঠিক সে সময় থেকেই নিয়মিত অভিনয় করে যাচ্ছি। শুরুর দিকে নাটক নির্মাণের সংখ্যা কম থাকলেও এখন অনেকেই কাজ করছেন। অনেকটা স্বাভাবিক সময়ের মতোই মনে হচ্ছে কাজের পরিবেশ।

* বর্তমানে কোন ধরনের নাটকে বেশি অভিনয় করছেন?

** আমি এখন ধারাবাহিক ও একক- দু’ধরনের নাটকেই অভিনয় করছি। ধারাবাহিকগুলো হলো ফরিদুল হাসানের ‘বাহানা’ ও ‘ফরেন ভিলেজ’, সৈয়দ শাকিলের ‘আনন্দ ভ্রমণ’, জাহিদ হাসানের ‘পিছুটান’ ও ‘হুলস্থুল টিভি’ এবং আবু হায়াত মাহমুদ ও সাইদুল ইসলাম রুবেলের ‘একশো তে একশ’। এছাড়া হারুন রুশোর পরিচালনায় চারটি খণ্ড নাটকের শুটিং করেছি। চলতি মাসেই মাহমুদ হাসান রানার পরিচালনায়ও একটি খণ্ড নাটকের শুটিং করব।

* ইদানীং অনেক তরুণ অভিনয়শিল্পী ধারাবাহিক নাটকে অভিনয়ে অনাগ্রহ

দেখাচ্ছেন। আপনি ধারাবাহিকে অভিনয় করে কি স্বাচ্ছন্দ্যবোধ করছেন?

** আমার অভিনয় ক্যারিয়ারের শুরু থেকেই ধারাবাহিক নাটকে অভিনয় করছি। আসলে যেখানে অভিনয় দেখানোর সুযোগ আছে কিংবা পছন্দের চরিত্র পাচ্ছি, সেখানেই অভিনয় করছি। আমি ধারাবাহিক আর এক খণ্ডের নাটকের মধ্যে কোনো ভাগ করতে চাই না।

* করোনাকালের আগে একটি ছবিতেও অভিনয় করেছিলেন। সেটির খবর কী?

** ছবির নাম ‘ফ্রম বাংলাদেশ’। পরিচালনা করেছেন শাহনেওয়াজ কাকলী। মুক্তিযুদ্ধের সময়ের একটি গল্প নিয়ে ছবিটি নির্মিত হয়েছে। এটি আমার অভিনীত প্রথম ছবি। এতে আমাকে পরিচালক বেশ গুরুত্বপূর্ণ একটি চরিত্রে অভিনয়ের সুযোগ দিয়েছেন। আশা করছি চলতি বছর ছবিটি মুক্তি পাবে।

* নতুন বছর শুরু হয়েছে। এ বছরের কাজের পরিকল্পনা কীভাবে সাজিয়েছেন?

** গত বছরটি খুব খারাপ কেটেছে আমার। মন খারাপের মধ্য দিয়েই বছরটি অতিক্রম করেছি। গত বছরের মতো পরিস্থিতি যেন না থাকে, সেই প্রার্থনাই করছি। ২০২১ সালটি নিজের ইচ্ছা পূরণের বছর হতে পারে। ব্যক্তিগত জীবন থেকে শুরু করে অভিনয় জীবনেও মনে রাখার মতো কাজ করতে চাই। এ ছাড়া পরিবার পরিজন এবং সহকর্মীদের নিয়ে যেন নিরাপদে বছরটি কাটিয়ে দিতে পারি, এ পরিকল্পনাই করছি।

জীবনের কথায় বুশরার কণ্ঠে ‘তোমায় যদি’

২০২১ সালের প্রথম দিনেই ভক্তদের চমক দিয়েছেন গীতিকবি রবিউল ইসলাম জীবন ও গায়িকা বুশরা শাহরিয়ার। এদিন প্রকাশিত হয়েছে জীবনের কথায় বুশরার গান গান-ভিডিও ‘তোমায় যদি’। ১ জানুয়ারি রাতে নিজের ইউটিউব চ্যানেল ‘বুশরা শাহরিয়ার’ থেকে গানটি উন্মুক্ত করেন

বুশরা। গায়িকার নিজেরই করা সুরে গানটির সংগীতায়োজন করেছেন সাজিদ সরকার।

তার আগে উত্তরার একটি শুটিং হাউজ এবং ঢাকার নিকটস্থ একটি রিসোর্টে দুই দিনব্যাপী গানটির চিত্রায়ণ করা হয়। ভিডিওতে সদ্য বিবাহিত একটি দম্পতির মিষ্টি প্রেমের গল্পকে তুলে ধরা হয়েছে। এতে বুশরার নায়ক হিসেবে অভিনয় করেছেন ‘গহীন বালুচর’ খ্যাত জনপ্রিয় অভিনেতা এবং মডেল তানভির।

গানটি প্রসঙ্গে রবিউল ইসলাম জীবন বলেন, ‘বুশরা শাহরিয়ার নিজেই গান লিখেন, সুর করেন। তবে বিভিন্ন সময় আমার কথায় গাওয়ার আগ্রহ প্রকাশ করেছিলেন। সেই আন্তরিকতার জায়গা থেকেই গানটির পরিকল্পনা করা। অডিও-ভিডিও মিলিয়ে বছরের প্রথম দিনেই খুব পরিচ্ছন্ন একটি গান আমরা শ্রোতাদের উপহার দিতে পেরেছি বলে খুব ভালো লাগছে।’

বুশরা শাহরিয়ার বলেন, রবিউল ইসলাম জীবন ভাই আমার অত্যন্ত পছন্দের একজন গীতিকার। আমার নতুন বছরের শুরুটা হলো তার লেখা গান দিয়ে। তিনি খুব যত্ন নিয়ে আমার কণ্ঠ ভেবেই গানটি লিখেছেন। তার কথার ওপর সুরটি সাজিয়েছি। গানের মুডের সঙ্গে মিল রেখেই করা হয়েছে ভিডিও। এখন পর্যন্ত যারাই শুনেছেন পজিটিভ কমেন্ট করেছেন।’

ভিডিওটি নির্মাণ করছে প্রোডাকশন হাউজ ‘প্রেক্ষাগৃহ’। দিক নির্দেশনায় ছিলেন মুস্তাফি শিমুল, ক্যামেরায় খায়ের খন্দকার। পৃষ্ঠপোষকতায় ই-কমার্স প্ল্যাটফর্ম দারাজ।

নতুন বছরে কাজে ফিরছেন রিয়া চক্রবর্তী

অভিনেতা সুশান্ত সিং রাজপুতের মৃত্যুর পর সবচেয়ে বেশি বিপদে পড়েছেন তার ‘কথিত’ প্রেমিকা রিয়া চক্রবর্তী। মাদককাণ্ডে জড়িয়ে বেশ কিছুদিন জেলে থাকতে হয়েছে তাকে। একাধিক শর্তে জামিন পেয়েছেন তিনি। জেলে নেওয়া হয় তার ভাই শোভিককেও। রিয়ার বাবাকেও জিজ্ঞাসাবাদের মুখোমুখি হতে হয়েছিল। তবে সেসব ভুলে এবার কাজে

ফিরছেন রিয়া।

সুশান্ত ও রিয়ার ঘনিষ্ঠ লেখক-নির্মাতা রুমি জাফ্রি জানিয়েছেন, নতুন বছরের শুরুতেই কাজে ফিরবেন রিয়া। তিনি রিয়ার সাথে দেখাও করেছেন। রুমি আরও জানান, একদম চুপচাপ হয়ে গেছেন রিয়া। এখন কথাও খুব কম বলেন। তার ওপর দিয়ে যে ঝড় বয়ে গেছে তা তো কেউ অস্বীকার করতে পারবে না।

গত বছরের ১৪ জুন মুম্বাইয়ের বাসা থেকে সুশান্তের মরদেহ উদ্ধার করা হয়। তিনি আত্মহত্যা করেছেন নাকি তাকে হত্যা করেছে- এনিয়ে এখনো ধোঁয়াশা কাটেনি। সে ঘটনার পর মাদক গ্রহণ ও ক্রয়ে নাম জড়িয়ে যায় সুশান্ত ও রিয়ার। এ অভিযোগে ১ মাস জেলে কাটাতে হয়েছে রিয়াকে।

স্বামীর নামের জায়গায় শাকিবের নাম লিখলেন অপু বিশ্বাস!

শাকিব খান এবং অপু বিশ্বাসের বিচ্ছেদ হয়েছে তিন বছরের বেশি হয়ে গেছে। অথচ সম্প্রতি প্রযোজক সমিতির সদস্যপদ পেতে আবেদনপত্রে চিত্রনায়িকা অপু বিশ্বাস তার স্বামীর নামের জায়গায় শাকিব খানের নাম লিখেছেন। পরে যাচাই-বাছাইয়ে আটকে যায় অপুর আবেদন। তথ্য সংশোধন করে জমা দেওয়ার পর সদস্যপদ পান তিনি।

প্রযোজক-পরিবেশক সমিতির সাধারণ সম্পাদক শামসুল আলম একটি জাতীয় দৈনিককে জানান, সাধারণত কাউকে চলচ্চিত্রের প্রযোজক হিসেবে নাম নিবন্ধন করতে হলে এক লাখ তিন হাজার টাকা ফি দিতে হয়। কিন্তু কোনো প্রযোজকের স্বামী বা স্ত্রী বা সন্তান হলে তিনি মাত্র ১১ হাজার টাকা ফি দিয়েই এই সদস্যপদ লাভ করার সুযোগটা পেতে পারেন।

শামসুল আলম মনে করেন, এই সুযোগটাই নিতে চেয়েছিলেন অপু।

সন্তান আব্রাম খান জয় এবং নিজের নামের সঙ্গে মিল রেখে প্রযোজনা প্রতিষ্ঠান চালু করেছেন অপু বিশ্বাস। ‘অপু-জয় প্রোডাকশন হাউস’

এর ব্যানারে ‘অভিমান’ নামে একটি ছবির নামও নিবন্ধন করেছেন।

শামসুল আলম বললেন, মাঝে কিছুটা সময় প্রযোজক সমিতির দায়িত্বে একজন প্রশাসক ছিলেন। ওই সময় অপু বিশ্বাস সদস্যপদ চেয়ে আবেদন করেন। অনুমোদন পাওয়ার আগে প্রশাসক বিদায় নেন। আবার কার্যনির্বাহী কমিটি সংগঠনের দায়িত্ব নেয়। এরপর অপু বিশ্বাসের আবেদন ফাইলটি আমরা পাই। আমরা দেখতে পেলাম, নথিতে নিজেকে শাকিব খান রানার স্ত্রী উল্লেখ করেছেন অপু। তিনি এ ও লেখেন, ‘প্রযোজকের স্ত্রী হিসেবে আমাকে সুবিধা বিবেচনায় সদস্যপদ দেওয়া হোক।’

তিনি বলেন, এই ধরনের মিথ্যা তথ্যের ভিত্তিতে কাউকে সদস্যপদ দেওয়া মানে মিথ্যাকে প্রশ্রয় দেওয়া। এরপর আমরা সবাই অপুর সত্য গোপন করার বিষয়টি মিটিংয়ে আলোচনা করেছি।

সবাই একবাক্যে বলেছেন, ১ লাখ ৩ হাজার টাকার বদলে ১১ হাজার টাকায় সদস্যপদের বিশেষ সুবিধা নিতে এমনটা করেছেন তিনি। তাই আবেদনের ফাইলটা স্থগিত করে জানিয়ে দিই, তথ্য সংশোধন করে নতুনভাবে আবেদন করলে আমরা অবশ্যই সদস্যপদ দেব। পরে তিনি স্বামীর নামের জায়গা থেকে শাকিব খানের নাম বাদ দিয়ে আবেদন করেন, আমরাও সদস্যপদ দিই। তাকে এক লাখ তিন হাজার টাকায় সদস্যপদ নিতে হয়েছে।

২৩০ কোটি রুপিতে ‘রাধে’ বিক্রি করলেন সালমান

মহামারী করোনাভাইরাসের সময়টাতেও সময়টা দারুণ কাটছে বলিউড সুপারস্টার সালমান খানের। বলিউডে হাঙ্গামা বিশেষ প্রতিবেদনে জানিয়েছে, সালমান তার নতুন ছবি ‘রাধে – ইওর মোস্ট ওয়ান্টেড ভাই’ জি স্টুডিওর কাছে ২৩০ কোটি রুপিতে (স্যাটেলাইট, দেশে ও দেশের বাইরের থিয়েট্রিকাল, ডিজিটাল ও সঙ্গীত স্বত্ত্ব) বিক্রি করেছেন। করোনাকালে এটি অন্যতম একটি রেকর্ড।

‘রাধে – ইওর মোস্ট ওয়ান্টেড ভাই’ ছবিতে সালমানের নায়িকা হিসেবে

কাজ করেছেন দিশা পাটানি। খল চরিত্রে দেখা যাবে রণদ্বীপ হুদা ও পুলিশ কর্মকর্তার চরিত্রে জ্যাকি শ্রুফকে। ছবিটি আগামী বছরে ঈদে মুক্তি পাবে।

সম্প্রতি ৫৫তম জন্মদিন পালন করেছেন বলিউডের সবচেয়ে এলিজেবল ব্যাচেলর সালমান। এখনো পরিবার ও কাছের বন্ধুদের নিয়ে ছুটি উদযাপন করছেন তিনি। জানুয়ারির প্রথম সপ্তাহে ‘অন্তিম: দ্য ফাইনাল ট্রুথ’ ছবির কাজ শুরু করবেন সালমান। মার্চে থেকে শুরু করবেন ‘টাইগার থ্রি’ ছবির কাজ।

করোনা পজিটিভ অভিনেতা রাম চরণ

ভারতের দক্ষিণী চলচ্চিত্রের জনপ্রিয় মুখ রাম চরণ করোনায় আক্রান্ত হয়েছেন। আজ মঙ্গলবার সকালে টুইটারে নিজেই এ তথ্য জানিয়েছেন। গত কয়েকদিন যারা তার সংস্পর্শে এসেছিলেন তাদের করোনা পরীক্ষা করার আহ্বান জানিয়েছেন এ অভিনেতা।

টুইটারে রাম চরণ জানিয়েছেন, তার কোনো উপসর্গ নেই। তবে তিনি বাড়িতে কোয়ারেন্টাইনে আছেন।

রাম চরণ তার পিতা চিরঞ্জীবীর সঙ্গে একটি ছবি প্রযোজনা নিয়ে ব্যস্ত ছিলেন। বর্তমানে ছবির শুটিং চলছে।

বলিউডে সাইবার হামলা, এবার শিকার ফারহা খান

বলিউডে সাইবার হামলা। হঠাত্ই বলিউডে শুরু হয়েছে হ্যাকারদের উপদ্রব। গত এক মাসের মধ্যে ক্রমাগত হ্যাক হয়ে চলেছে তারকাদের প্রোফাইল। এবার হ্যাকারদের কবলে পড়লেন কোরিওগ্রাফার তথা

পরিচালক ফারহা খান এবং অভিনেতা বিক্রান্ত মেসে।

তাদের টুইটার, ফেসবুক, ইনস্টাগ্রাম একে একে সব কিছুতেই থাবা বসিয়েছে হ্যাকার। কে বা কারা হ্যাক হ্যাক করেছে তা এখনও স্পষ্ট নয়। তবে ফারহা খাণ নিজের সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্ট হ্যাকড হলেও পরবর্তীকালে নিজের স্বামী শিরিশ কুন্দরের সাহায্য তা পুনরুদ্ধার করতে পেরেছেন। ফারহার টুইটার এবং ইনস্টাগ্রাম অ্যাকাউন্ট হ্যাক করা হয়েছিল। শিরিশ একজন কম্পিউটার ইঞ্জিনিয়ার। যার জেরে তিনি ফারহার অ্যাকাউন্টগুলি ঠিক করতে পেরেছেন।

ফারহার সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্টগুলি ঠিক হওয়ার পর তিনি হ্যাক হওয়ার বিষয়টি জানান এবং নিজের ফলোয়ারদের সাবধান করে দেন তার অ্যাকাউন্ট থেকে যাওয়া কোনও লিঙ্কে যেন ক্লিক না করে তারা। অন্যদিকে বিক্রান্তের ইনস্টাগ্রাম এবং ফেসবুক হ্যাকড হয়। যদিও তার অ্যাকাউন্ট এখনও ঠিক করা যায়নি। তবে তিনিও নিজের ফলোয়ারদের সতর্ক করে দিয়েছেন। সম্প্রতি উর্মিলা মাতোন্ডকর, সুজান খানের ইনস্টাগ্রাম অ্যাকাউন্টও হ্যাকড হয়েছিল।

সিডনিতে ‘বিহঙ্গ মন’র শুটিং শুরু

সিডনির বাংলাদেশি অধ্যুষিত এলাকা ল্যাকাম্বার বেশ কয়েকটি লোকেশনে স্বাধীনতা দিবসের বিশেষ নাটক “বিহঙ্গ মন”র সুটিং শুরু হয়েছে। আগামী ২৬ মার্চ জন্মভূমি মাল্টিমিডিয়া প্রোডাকশনের প্রযোজনায় মহান স্বাধীনতার ৫০ বছর পূর্তিতে জন্মভুমি টেলিভিশনে এই বিশেষ নাটকটি প্রচারিত হবে।

জন্মভুমি টেলিভিশনের সিইও রাহেলা আরেফিন জানান, বাংলাদেশের জাতীয় দিবসগুলিকে নিয়ে নাটক নির্মাণের পরিকল্পনার অংশ হিসেবে আগামী ২৬ মার্চ বিশেষ নাটক “বিহঙ্গ মন” প্রচারিত হবে। প্রবাসে নুতন প্রজন্মের মাঝে দেশের মুক্তিযুদ্ধ ও এর গৌরবময় ইতিহাস ছড়িয়ে দিতেই আমরা এই উদ্যোগ গ্রহণ করেছি।

“বিহঙ্গ মন” নাটকটির কাহিনী চিত্রনাট্য ও পরিচালনা করছেন নাইম আবদুল্লাহ। নাটকটিতে প্রযোজনা উপদেষ্টা হিসেবে আছেন সিডনি প্রবাসী নাট্য ব্যক্তিত্ব শাহীন শাহনেওয়াজ।

সম্পূর্ণ সিডনিতে চিত্রায়িত স্বাধীনতার এই বিশেষ নাটকটির প্রাথমিক শুটিং এ অংশ নেন রানা শরীফ ও ড. ফাইজুল ইসলাম চঞ্চল। পর্যায়ক্রমে অন্যান্য শিল্পীদের নিয়ে নাটকটির বাকি শুটিং সম্পন্ন হবে।